19

দৈনিক সংবাদ

তারিখ ... 13 JAN 1996 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ভর্তি পরীক্ষায় পরিবর্তন আসছে

॥ হাফিজুর রহমান কার্জন ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের প্রথম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষার ধরনে পরিবর্তন আসছে। এ ব্যাপারে বিভিন্ন অনুষদের শিক্ষকদের মধ্যে কথাবার্তা চলছে। খুব শীঘ্রই সিদ্ধান্ত জানানো হবে।

বিশ্বস্ত সূত্রে জানা গেছে, কলা অনুষদের এখতিয়ারাধীন 'খ' ইউনিটে ভর্তির জন্য লিখিত পরীক্ষায় পরীক্ষার্থীদের ১০০ নম্বরের উত্তর দিতে হবে।

নম্বর বন্টন হবে এভাবে — বাংলায় ২৫, ইংরেজিতে ২৫ এবং সাধারণ জ্ঞানে ৫০। সাধারণ জ্ঞানের প্রশ্ন হবে নৈর্বেক্তিক। গত বছর পর্যন্ত এ নম্বর বন্টন ছিল এরকম

ভর্তি পরীক্ষা ঃ পৃঃ ৬ কঃ ৭

## ভর্তি পরীক্ষা ঃ পরিবর্তন

( ১ম পৃষ্ঠার পর )

— বাংলায় ২৫, ইংরেজিতে ২৫ এবং পরীক্ষার্থীর পছন্দ করা ২টি বিষয়ে ২৫ করে। অর্থাৎ ৪টি বিষয়ে ২৫ করে মোট ১০০।

সামাজিক বিজ্ঞান অনুষদের এখ-তিয়ারাধীন 'ঘ' ইউনিটে ভর্তির জন্য লিখিত পরীক্ষায় পরীক্ষার্থীদের ১০০ নম্বরের উত্তর দিতে হবে। নম্বর বন্টন হবে এভাবে – বাংলায় ৩৫, ইংরেজিতে ৩৫ এবং সাধারণ জ্ঞানে ৩০। গত বছর পর্যন্ত পরীক্ষার্থীরা ওপরের পদ্ধতিতে পরীক্ষা দিয়েছেন। পরীক্ষার্থীদের উত্তর দিতে হতো রচনামূলক প্রশ্নের। কিন্তু এবারে যে সম্ভাব্য পরিবর্তন আসছে তা হচ্ছে — সবগুলো প্রশ্নই হবে মালটিপল চয়েস প্রশ্ন।

বাণিজ্য অনুষদের এখতিয়ারাধীন 'গ' ইউনিটে ভর্তির জন্য গত বছর পর্যন্ত পরীক্ষার্থীদের ১০০ নম্বরের উত্তর দিতে হতো। নম্বর বন্টন ছিল এরকম — বাংলা, ইংরেজি, হিসাব বিজ্ঞান, অর্থনীতি ও ভূগোলে ২০ করে। পুরো ১০০ নম্বরের প্রশ্নই ছিল মালটিপল চয়েস প্রশ্ন। এবার যে সম্ভাব্য পরিবর্তন আসছে সেটি হচ্ছে– ভর্তির জন্য আবেদন করতে হলে ন্যূনতম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ১১০০ নম্বর পেতে হবে। গত বছর পর্যন্ত ভর্তির জন্য আবেদন করতে হলে দু'টি দ্বিতীয় বিভাগ হলেই চলত। অর্থাৎ ৯০০ নম্বর পেলেই আবেদন করতে পারত ভর্তি হতে ইচ্ছুক কোন শিক্ষার্থী।

বিজ্ঞান অনুষদের এখতিয়ারাধীন 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষায় সম্ভাব্য পরিবর্তনের ব্যাপারে চিন্তাভাবনা চলছে। তবে এখনও শিক্ষকরা এ ব্যাপারে আলোচনা করেননি।